# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড ,ময়মনসিংহ।

**কার্যালয়ঃ বাসা নং-৪২, খাগডহর বাজার,ময়মনসিংহ।**

**ফোন ঃ ০২৯৯৭৭১০৪৫০, ০২৯৯৬৬৬৩৩৩৩, E-mail :chairmanbisemym@gmail.com,**

**www.mymensingheducationboard.gov.bd**


স্মারক নং : ময়শিবো/পনি/উমা/০৯/০৪/১৯/১৫১ তারিখঃ ০৪/০৯/২০২৪ খ্রিঃ

## এইচএসসি পরীক্ষা-২০২৪ এর ভারপ্রাপ্ত কর্মকর্তাগণের প্রতি জরুরী নির্দেশনা

এইচএসসি পরীক্ষা-২০২৪ এর ভারপ্রাপ্ত কর্মকর্তাগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, এইচএসসি পরীক্ষা-২০২৪ এ অংশ গ্রহণকারী পরীক্ষার্থীদের নিম্নবর্ণিত তথ্য জরুরী ভিত্তিতে প্রেরণের জন্য অনুরোধ করা হলো। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে,**এ সংক্রান্ত কাজে পরীক্ষার্থীদেরকে বোর্ডে প্রেরন করা যাবে না।**

১. ১৯৯৬ সালের পূর্বে এসএসসি পাশ করা প্রাইভেট পরীক্ষার্থীদের এসএসসি পাশের নম্বরপত্রের ফটোকপি (সংশ্লিষ্ট বোর্ড কতৃক যাচাইকৃত), এইচএসসি পরীক্ষা-২০২৪ এর প্রবেশপত্রের ফটোকপি অধ্যক্ষ কর্তৃক সত্যয়ন করে ময়মনসিংহ বোর্ডের পরীক্ষা শাখার উপপরীক্ষা নিয়ন্ত্রক (উচ্চমাধ্যমিক) এর কক্ষে উদ্বৃত্ত মালামাল বোর্ডের পরীক্ষা শাখায় জমাদানের দিন হাতে হাতে জমা দিতে হবে । **ময়মনসিংহ সরকারি কলেজ, ময়মনসিংহ; সরকারি আশেক মাহমুদ কলেজ, জামালপুর; নেত্রকোণা সরকারি কলেজ,নেত্রকোণা এবং শেরপুর সরকারি কলেজ, শেরপুর এর** অধ্যক্ষ মহোদয়গণকে এ বিষয়ে বিশেষ ভাবে দৃষ্টি আকর্ষন করা যাচ্ছে।

২. এইচএসসি পরীক্ষা-২০২৪ এর সমতুল্য সনদধারী পরীক্ষার্থীদের জেএসসি/সমমান (প্রযোজ্য ক্ষেত্রে) ও এসএসসি/ সমমান পরীক্ষার একাডেমিক ট্রান্সক্রিপ্ট/নম্বরপত্র(নম্বর/গ্রেড প্রদান পদ্ধতির প্রমাণক কাগজপত্র সহ), ঢাকা শিক্ষা বোর্ডের সমতুল্য সনদ এবং এইচএসসি পরীক্ষা-২০২৪ এর প্রবেশপত্রের ফটোকপি অধ্যক্ষ কর্তৃক সত্যয়ন করে ময়মনসিংহ বোর্ডের পরীক্ষা শাখার উপপরীক্ষা নিয়ন্ত্রক (উচ্চমাধ্যমিক) এর কক্ষে উদ্বৃত্ত মালামাল বোর্ডের পরীক্ষা শাখায় জমাদানের দিন হাতে হাতে জমা দিতে হবে ।

৩. যে সকল পরীক্ষার্থী কারিগরি শিক্ষা বোর্ড, মাদ্রাসা শিক্ষা বোর্ড এবং উন্মুক্ত বিশ্ববিদ্যালয় হতে জেএসসি/সমমান ও এসএসসি/ সমমান পরীক্ষায় পাশ করে ২০২৪ সালের এইচএসসি পরীক্ষায় অংশ গ্রহণ করেছে, তাদেরও জেএসসি ও এসএসসি পরীক্ষার একাডেমিক ট্রান্সক্রিপ্ট এর ফটোকপি এবং এইচএসসি পরীক্ষা-২০২৪ এর প্রবেশপত্রের ফটোকপি অধ্যক্ষ কতৃক সত্যয়ন করে ময়মনসিংহ বোর্ডের পরীক্ষা শাখার উপপরীক্ষা নিয়ন্ত্রক (উচ্চমাধ্যমিক) এর কক্ষে উদ্বৃত্ত মালামাল বোর্ডের পরীক্ষা শাখায় জমাদানের দিন হাতে হাতে জমা দিতে হবে ।

৪. সকল পরীক্ষার্থীদের তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (**ICT, বিষয় কোড-২৭৫**) বিষয়ের ব্যবহারিক পরীক্ষার প্রাপ্ত নম্বর (শ্রেণী কার্যক্রম চলাকালে প্রাপ্ত) কেন্দ্রের আওতাধীন কলেজ হতে সংগ্রহ করে বোর্ডের ওয়েব সাইটে(ওয়েব সাইটের **C.A./Practical Mark option** এ) এন্ট্রি করে এর প্রিন্টকপি কেন্দ্রে সংরক্ষণ করতে হবে এবং মূলকপি উদ্বৃত্ত মালামাল বোর্ডের পরীক্ষা শাখায় জমাদানের দিন হাতে হাতে জমা দিতে হবে। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, ইতোমধ্যে বোর্ডের ওয়েব সাইট খুলে দেওয়া হয়েছে। **ওয়েব সাইটে নম্বর এন্ট্রির শেষ তারিখ ১০/০৯/২০২৪ খ্রি.। কোন অবস্থাতেই ব্যবহারিক পরীক্ষার অজুহাতে পরীক্ষার্থীদেরকে কলেজে আনা যাবে না।**

৫. সকল কেন্দ্রের অধ্যক্ষ/ ভারপ্রাপ্ত কর্মকর্তাগণ নিম্নলিখিত তারিখ ও সময় অনুযায়ী এইচএসসি- ২০২৪ পরীক্ষার অব্যবহৃত প্রশ্নপত্র, উপস্থিতি পত্র ও উদ্বৃত্ত মালামাল (যেমন-মূল উত্তরপত্র,অতিরিক্ত উত্তরপত্র,ব্যবহারিক উত্তরপত্র, ট্রাংক,চটের বস্তা ইত্যাদি), **অনুপস্থিতি তালিকা, বহিস্কার তালিকা, ব্যবহারিকের অনলাইন নম্বর পত্র এবং উপরে ক্রমিক ১ হতে ৩ নং এ উল্লিখিত কাগজ পত্রাদি বস্তাবন্দি না করে আলাদা ভাবে বোর্ডে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।**

**এখানে বিশেষভাবে উল্লেখ্য যে,গত ১৬/০৭/২০২৪ তারিখে অনুষ্ঠিত ভূগোল (তত্ত্বীয়) ১ম পত্রের (বিষয় কোড ১২৫) থানায় রক্ষিত লিখিত উত্তরপত্রগুলোও সংশ্লিষ্ট কেন্দ্রগুলো একই দিনে বোর্ডে আলাদা ভাবে জমা প্রদান করবে।**

**'উদ্বৃত্ত মালামাল বোর্ডে জমাদানের ছক'**

| ক্রমিক নং | জমাদানের তারিখ | জমাদানের সময় | জেলার নাম | মালামাল জমাদানের স্থান |
|---|---|---|---|---|
| ১. | ১২/০৯/২০২৪ (বৃহস্পতিবার) | সকাল ১০.৩০মি. হতে দুপুর ২.০০মি.পর্যন্ত | শেরপুর | **বাসা নং-৪২, খাগডহর বাজার,ময়মনসিংহ** |
| ২. | ১৫/০৯/২০২৪ (রবিবার) | ঐ | নেত্রকোণা | **বাসা নং-৪২, খাগডহর বাজার,ময়মনসিংহ** |
| ৩. | ১৭/০৯/২০২৪ (মঙ্গলবার) | ঐ | জামালপুর | **বোম্বাই রাইস মিল গোডাউন, ময়মনসিংহ** |
| ৪. | ১৮/০৯/২০২৪ (বুধবার) | ঐ | ময়মনসিংহ সদর, ত্রিশাল, ভালুকা, মুক্তাগাছা, গৌরীপুর | |
| ৫. | ১৯/০৯/২০২৪ (বৃহস্পতিবার) | ঐ | নান্দাইল, ঈশ্বরগঞ্জ, ফুলপুর, গফরগাঁও, ফুলবাড়ীয়া, হালুয়াঘাট, ধোবাউড়া, তারাকান্দা | |

প্রাপক:
অধ্যক্ষ/ ভারপ্রাপ্ত কর্মকর্তা,
ময়মনসিংহ শিক্ষা বোর্ডের আওতাধীন
সকল উচ্চমাধ্যমিক পরীক্ষা কেন্দ্র-২০২৪।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

স্বাঃ/-
(প্রফেসর মো: সামছুল ইসলাম)
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ময়মনসিংহ।
ফোনঃ ০২-৯৯৭৭১০৪৪৪
E-mail: conbisemym@gmail.com

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১। জেলা প্রশাসক, ময়মনসিংহ/নেত্রকোণা/জামালপুর/শেরপুর।
২। উপজেলা নির্বাহী কর্মকর্তা, ময়মনসিংহ শিক্ষা বোর্ডের আওতাধীন সকল উপজেলা।
৩। ট্রেজারি অফিসার, ময়মনসিংহ/নেত্রকোণা/জামালপুর/শেরপুর।
৪। পিএস টু চেয়ারম্যান (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য), মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।
৫। অফিস কপি।

০৪/০৯/২০২৪
(এস. এম. মোবাশ্বির হোসেন)
উপ পরীক্ষা নিয়ন্ত্রক(উচ্চমাধ্যমিক)
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড,
ময়মনসিংহ।
ফোন ঃ০২-৯৯৭৭১০৪৪৪
ই-মেইল-deputycontrollermym@gmail.com